শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.১৯-২৫৯

তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **জনাব মোঃ রেজা উল্ল্যাহ্ সহকারী সুপারিনটেনডেন্ট ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর বিষয়ে গত ৩০.০৮.২০ খ্রি. তারিখের (সুপার) পত্রের আলোকে (সহকারী সুপার হিসেবে জনাব মোঃ রেজা উল্ল্যাহ্ -এর এম.পি.ও.করণ বিষয়ে) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (টিএমইডি), শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা।**

সূত্র: (১) জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ্ -এর আবেদন; তারিখ: ২২.১২.২০১৯ খ্রি.
(২) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.১৯-২১০; তারিখ: ১২.০৮.২০২০ খ্রি.
(৩) ভূজইল দাখিল মাদ্রাসা'র স্মারক নং-১৯/২০২০(২); তারিখ: ৩০.০৮.২০২০ খ্রি.

উপযুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের আলোকে মহোদয়ের অবগতি ও কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সহকারী সুপার হিসেবে যোগদানের পর দীর্ঘ দিন অতিক্রান্ত হওয়ায় জনাব মোঃ রেজা উল্ল্যাহ্'র এম.পি.ও. করণের নিমিত্ত সুপার কর্তৃক কোন পদক্ষেপ গ্রহণ না করার পর প্রতিকারের (এম.পি.ও.) নিমিত্ত জনাব মোঃ রেজা উল্ল্যাহ্ কর্তৃক সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (টিএমইডি) বরাবর আবেদন করা হয় {সূত্র-১নং}

০২. জনাব মোঃ রেজা উল্ল্যাহ্'র আবেদন প্রাপ্তির পর এ বিষয়ে চাহিত তথ্য দেয়ার জন্য সূত্রে বর্ণিত ২-নং স্মারকের মাধ্যমে সুপার কর্তৃক কতিপয় তথ্য প্রদান করা হয়।

০৩. টিএমইডি'র চাহিদার আলোকে সুপার কর্তৃক যে তথ্য সরবরাহ করা হয়েছে তা নিম্নরূপ (নির্দিষ্ট কলামে টিএমইডি'র নির্দেশনাসহ)

টিএমইডির আইন শাখার চাহিত তথ্যাদি	ভূজইল দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সরবরাহকৃত তথ্যাদি	এ বিষয়ে টিএমইডি'র নির্দেশনা
(১)	(২)	(৩)
(ক) জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট হিসেবে নিয়োগপত্র পেয়েছিলেন কিনা? না পেয়ে থাকলে রিট পিটিশন নং-১০৩৮০/১৯ মামলার আর্জিতে নিয়োগপত্রটি চ্যালেঞ্জ করা হয়েছিল কিনা? চ্যালেঞ্জ করা হয়ে থাকলে এর ফলাফল কি (প্রমাণকসহ)	(ক) জনাব মো: রেজা উল্ল্যাহ্ , ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জএর সহকারী সুপার হিসেবে অত্র মাদ্রাসায় ১৮.০৩.২০১০ খ্রি. তারিখে নিয়োগ প্রাপ্ত হয়ে গত ২০.০৩.২০১০ খ্রি. তারিখে স্বপদে যোগদান করেছেন। মাদ্রাসার কাগজপত্র তা দেখা যায়।	(ক) ভূজইল দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সরবরাহকৃত তথ্য হতে এটি স্পষ্ট যে, জনাব মোঃ রেজ উল্ল্যাহ গত ১৮.০৩.২০১০ খ্রি. তারিখে নিয়োগ প্রাপ্ত হয়ে ২০.০৩.২০১০ খ্রি. তারিখে সহকারী সুপার হিসেবে উক্ত মাদ্রাসায় যোগদান করে কর্মরত আছেন বিধায় এম.পি.ও.ভূক্তির আইনগতভাবে হকদার হওয়ায় সহকারী সুপার হিসেবে জনাব মোঃ রেজা উল্ল্যাহ -এর নাম এম.পি.ও.ভূক্তির পদক্ষেপ গ্রহণের জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো।

খ) জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী সুপারিনটেনডেন্ট হিসেবে কত তারিখে যোগদান করেছিলেন? জনবল কাঠামোর কোন নীতিমালার আওতায় তিনি যোগদান করেছিলেন? সহকারী সুপার হিসেবে জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ এর যোগদান সঠিক না হলে রিট পিটিশন নং-১০৩৮০/১৯ মামলার আর্জিতে বর্ণিত যোগদানপত্রটি চ্যালেঞ্জ করা হয়েছিল কিনা? চ্যালেঞ্জ করা হয়ে থাকলে এর ফলাফল কি (প্রমাণকসহ)	(খ) জনাব মো: রেজা উল্ল্যাহ্ , ভূজইল দাখিল মাদ্রাসায় সহকারী সুপার পদে গত ২০.০৩.২০১০ খ্রি. তারিখে যোগদান করেছেন। তার নিয়োগ কালীন সময় আমি অত্র প্রতিষ্ঠানে সুপারিনটেনডেন্ট এর দায়িত্বে ছিলাম না। বিধায় তিনি কোন নীতিমালায় নিয়োগ প্রাপ্ত হয়েছেন তা আমার কিছু জানা নাই।	(খ) যেহেতু জনাব মোঃ রেজা উল্ল্যাহ সহকারী সুপার হিসেবে গত ২০.০৩.২০১০ খ্রি. তারিখে ভূজইল দাখিল মাদ্রাসায় যোগদান করেছেন এবং যেহেতু জনাব মোঃ রেজা উল্ল্যাহর যোগদানকালীন 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১০' কার্যকর ছিল সেহেতু **"তার নিয়োগকালীন সময় আমি অত্র প্রতিষ্ঠানের সুপারের দায়িত্বে ছিলাম না বিধায় তিনি কোন নীতিমালায় নিয়োগ প্রাপ্ত হয়েছেন তা আমার জানা নাই"** মর্মে সুপারের মতামতটি দায়িত্বজ্ঞানহীন ও অজ্ঞাতপ্রসূত। এরূপ দায়িত্বজ্ঞানহীন মতামত প্রদানের কারণ ব্যাখার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো।
গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৫.১১.১২ খ্রি. তারিখের বামাশিবো/প্রশা/৮৮২/নবাব-৭৪ সংখ্যক পত্রে বর্ণিত মাদ্রাসার সহ:সুপারের বিরুদ্ধে আনীত অভিযোগ ইউএনও, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর তদন্তে ভিত্তিহীন বলে প্রমাণিত হয়েছে এবং তার সহ:সুপার পদে নিয়োগ সম্পূর্ণ বৈধ মর্মে উল্লেখ করা হয়েছে তা সঠিক কিনা? সঠিক না হয়ে থাকলে বোর্ডের উক্ত সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা হয়েছিল কিনা? হয়ে থাকলে এর ফলাফল কি (প্রমাণকসহ)	(গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৫.১১.২০১২ খ্রি. তারিখে বামাশিবো/প্রশা/৮৮২ নবাব-৭৪ সংখ্যক পত্র বর্ণিত মাদ্রাসার সহ সুপারের বিরুদ্ধে আনীত অভিযোগ ইউ,এন,ও নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর তদন্তে ভিত্তিহীন প্রমানিত হয়েছে এবং তার সহ-সুপার পদে নিয়োগ সম্পূর্ণ বৈধ মর্মে উল্লেখ করা হয়েছে তা সঠিক এর প্রমাণ পাওয়া যায়।	(গ) যেহেতু বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের গত ১৫.১১.২০১২ খ্রি. তারিখে বামাশিবো/প্রশা/ ৮৮২/নবাব-৭৪ সংখ্যক স্মারকে মাধ্যমে সহকারী সুপার জনাব রেজা উল্ল্যাহ -এর বিরুদ্ধে আনীত অভিযোগ ভিত্তিহীন উল্লেখক্রমে সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ'র নিয়োগ বৈধ মর্মে স্বীকৃত হয়েছে সেহেতু সহকারী সুপার হিসেবে জনাব রেজা উল্ল্যাহ'র এম.পি.ও.ভূক্তির পদক্ষেপ গ্রহণক্রমে আগামী ৩০.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিকে অবহিতর জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো।
ঘ) জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ এম.পি.ও.ভূক্ত করার বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল কিনা?	(ঘ) আমার সুপারিনটেনডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার পর হতে অদ্যাবধি জনাব মো: রেজা উল্ল্যাহর এম,পি,ও ভূক্তির বিষয়ে কোন পদক্ষেপ গ্রহন করা হয় নাই। কারণ এম.পি.ও ভূক্তির ব্যাপারে আমি সুপারের দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি বার বার চেষ্টা করে ব্যর্থ হয়েছিলেন। ফলে তিনি মামলা করার পক্ষে আগ্রহী ছিলেন।	(ঘ) আইনগত কোন ত্রুটি না থাকা সত্ত্বেও সুপার হিসেবে দায়িত্ব নেয়ার পর হতে আজবধি বর্তমান সুপার কর্তৃক জনাব মোঃ রেজ উল্ল্যাহ'র (সহকারী সুপার হিসেবে) নাম এম.পি.ও.ভূক্তির জন্য কোন পদক্ষেপ গ্রহণ না করা দায়িত্ব অবহেলা এবং সরকারি নির্দেশনা (বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নির্দেশনা) অমান্যের সামিল বিধায় "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮" এর অনুচ্ছেদ ১৮'র ১৮.১ (খ) ও (গ) অনুযায়ী কারণ দর্শানোর জন্য (আগামী ৩০.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে) সুপারকে নির্দেশ দেয়া হলো।
ঙ) বর্ণিত সহকারী সুপরিনটেনেডেন্ট এর এম.পি.ও.ভূক্ত করার বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ না করার কারণ কি? এর জন্য দায়ী কে?	(ঙ) বর্ণিত সহকারী সুপারিনটেনডেন্ট এম.পি.ও.ভুক্ত করার বিষয়ে কোন পদক্ষেপ না করার কারণ আমার জানা নাই। কারণ আমি সে সময় সুপারের দায়িত্বে ছিলাম না।	ঐ (ঘ)

চ) জনাব মোহাম্মদ রেজা উল্ল্যাহ এম.পি.ও.ভূক্তির বিষয়ে কোন আইনগত সমস্যা আছে কিনা? থাকলে তা উল্লেখ করতে হবে।	(চ) জনাব মোঃ রেজা উল্ল্যাহ্ এর এম.পি.ও.ভুক্তির বিষয়ে কোন সমস্যা আছে কিনা তা আদালতের বিচার্য বিষয়।	ঐ (ঘ)

০২. এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা (৩-নং কলামের টিএমইডি'র নির্দেশনা) মতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে প্রমাণকসহ তথ্য আগামী ৩০.০৯.২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতায় "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮" এর অনুচ্ছেদ ১৮'র ১৮.১ (খ) ও (গ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।



২০-৯-২০২০
মোঃ আঃ খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব

সুপার, ভূজইল দাখিল মাদ্রাসা, উপজেলা: নাচোল, জেলা: চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.১৯-২৫৯/১(৬)

তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

২) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩) সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫) জনাব মোঃ রেজা উল্ল্যাহ্, সহকারী সুপারিনটেনডেন্ট, ভূজইল দাখিল মাদ্রাসা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

৬) অফিস, কপি



২০-৯-২০২০
মোঃ আঃ খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব